গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও
unothakurgaon@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৫৫.৯৪৯৪.০০০.১৫.০০১.২০২৪- ৯৭

তারিখ: ০১ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ
১৫ জানুয়ারি, ২০২৪ খ্রি

জলমহাল ইজারা বন্দোবস্ত এর বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং-০১/১৪৩১

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঠাকুরগাঁও সদর উপজেলার ইজারা যোগ্য ০১নং খাস খতিয়ানভুক্ত ২০ একর পর্যন্ত বদ্ধ জলমহালসমূহ ইজারার লক্ষ্যে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এবং ভূমি মন্ত্রণালয়ের সায়রাত-১ শাখা ১৪ মার্চ ২০১২ খ্রিস্টাব্দ এ প্রকাশিত প্রজ্ঞাপন এবং ভূমি মন্ত্রণালয়ের সায়রাত-১ শাখা ০২ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ এ ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-১).৬৯২ নম্বরে প্রকাশিত প্রজ্ঞাপন মোতাবেক আগামী ০৩ বছর (১৪৩১-১৪৩৩) মেয়াদে আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতির নিকট থেকে শর্ত সাপেক্ষে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে।

০২। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী বদ্ধ জলমহাল ইজারা গ্রহণে আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি কর্তৃক উক্ত নীতিতে বর্ণিত প্রয়োজনীয় তথ্য ও দলিলাদিসহ নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে ইজারার জন্য আবেদন দাখিল করতে হবে।

০৩। অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে ভূমি মন্ত্রণালয়ের ওয়েব সাইট অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েব সাইটে আপলোড রয়েছে।

০৪। জলমহালে ইজারার জন্য অনলাইনে ০৯ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ হতে ০৩ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ (২৩/০১/২০২৪ হতে ১৬/০২/২০২৪ খ্রি.) পর্যন্ত অনলাইনে আবেদন দাখিল করা যাবে।

০৫। অনলাইনে দাখিলকৃত আবেদন এবং আবেদনের সকল তথ্যাদির প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সিলগালাকৃত মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ঠাকুরগাঁও সদর এ ০৩ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ (১৬ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ) এর পরবর্তী ০৩(তিন) কার্যদিবসের মধ্যে দাখিল করতে হবে।

০৬। সীলগালাকৃত উল্লিখিত খামের উপরিভাগে 'জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন' কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বামপার্শ্বে নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখিত থাকতে হবে।

০৭। অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টেড কপি হিসেবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারতম্য পরিলক্ষিত হলে অনলাইনে দাখিলকৃত তথ্যাদি সঠিক মর্মে বিবেচিত হবে। নির্ধারিত জলমহাল ইজারা/বন্দোবস্ত সংক্রান্ত শর্তসমূহ ও অন্যান্য তথ্যাবলী অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় ও thakurgaonsadar.thakurgaon.gov.bd এবং acl.thakurgaonsadar.thakurgaon.gov.bd ওয়েব ঠিকানা হতে জানা যাবে।

জলমহালের তালিকা:

ক্র. নং	পুকুরের নাম	ইউনিয়ন	মৌজার নাম	দাগ নং	আয়তন	৩ বছরের ইজারার গড় মূল্য	৫% বৃদ্ধিতে সরকারি মূল্য	ইজারা মেয়াদ
০১	রামনাথ হাট পুকুর	রুহিয়া	মন্ডলাদাম	৫৮৭৪	০.৬৩	১০,১০০/-	১০,৬০৫/-	১৪৩১-১৪৩৩
০২	সরযার পুকুর	রুহিয়া	ফরিদপুর	৬০৯	০.২৭	২,৫০০/-	২,৬২৫/-	১৪৩১-১৪৩৩
০৩	বড়া পুকুর	রুহিয়া	ফরিদপুর	৫১৬	০.৬২	১২,৫০০/-	১৩,১২৫/-	১৪৩১-১৪৩৩
০৪	রথাটী পুকুর	রুহিয়া	ফরিদপুর	৭৬৩	০.২২	১,৫০০/-	১,৫৭৫/-	১৪৩১-১৪৩৩
০৫	ব্যাংগ পুকুর	রুহিয়া	ফরিদপুর	৫০৪	০.৬০	৪১,৭৫০/-	৪৩,৮৩৮/-	১৪৩১-১৪৩৩
০৬	আকুনিয়া পুকুর	রুহিয়া	মধুপুর	৪২০	০.৩৪	১৮,০০০/-	১৮,৯০০/-	১৪৩১-১৪৩৩
০৭	তেওটিহড়া পুকুর	আখানগর	আখানগর	৫৫০৪	১.২৫	১,৮৯,০০০/-	১,৯৮,৪৫০/-	১৪৩১-১৪৩৩
০৮	হরিয়া পুকুর	আখানগর	আখানগর	৪৭৫৯	০.৪৩	৪৮,০৬৯/-	৫০,৪৭২/-	১৪৩১-১৪৩৩
০৯	বোচাপুকুর	আখানগর	আখানগর	৬২৪৫	০.৩৩	৭,৮০০/-	৮,১৯০/-	১৪৩১-১৪৩৩
১০	অকানি পুকুর	আখানগর	আখানগর	৫৮৯৯	০.১৯	-	৪,০০০/-	১৪৩১-১৪৩৩
১১	ভবানী দিঘী	আখানগর	আখানগর	৫৫৭৫	০.১৬	-	৭২০/-	১৪৩১-১৪৩৩
১২	পিয়ার পুকুর	আখানগর	কাতুর্গাও	৮৮১৫	০.৩৪	১০,৫০০/-	১১,০২৫/-	১৪৩১-১৪৩৩
১৩	কয়েনারী দিঘী	বালিয়া	ছোট বালিয়া	৭০৫	০.৩৩	-	১,০৫০/-	১৪৩১-১৪৩৩
১৪	মারোকুমি পুকুর	বালিয়া	ছোট বালিয়া	২৮১৮	০.১৬	-	৭২০/-	১৪৩১-১৪৩৩
১৫	মিঝুকুড়ী	বালিয়া	সুন্দরপুর	৪৪০ ৪৪১	০.৭৯ ০.৭৫	-	৬,৯০০/-	১৪৩১-১৪৩৩
১৬	কাকমারী পুকুর	চিলারং	মহাদেবপুর	২০২২ ১৯০২	০.২৮ ০.৫০	৪৮,০০০/-	৫০,৪০০/-	১৪৩১-১৪৩৩
১৭	বড় পুকুর	চিলারং	পাথরভাঙ্গা	৩৬৪৪	২.৬৭	১,৯৫,০০০/-	২,০৪,৭৫০/-	১৪৩১-১৪৩৩
১৮	কাচনা পুকুর	চিলারং	পাথরভাঙ্গা	১৬২৭	০.৪০	৩,৫০০/-	৩,৬৭৫/-	১৪৩১-১৪৩৩
১৯	কৈমারী পুকুর	রহিমানপুর	হরিহরপুর	১২০	০.৬২	-	৫,২৫০/-	১৪৩১-১৪৩৩
২০	পদ্ম পুকুর	রহিমানপুর	নারীপুর	২৭০০	০.৯১	৮৫,০০০/-	৮৯,২৫০/-	১৪৩১-১৪৩৩
২১	শীতলাই পুকুর	রহিমানপুর	গোয়ালপাড়া	১১১০	০.৩৮	১,১১,৫০০/-	১,১৭,০৭৫/-	১৪৩১-১৪৩৩
২২	ঘাট পুকুর	রহিমানপুর	মহেশালী	১০০৭	১.০৬	১,১৬,০০০/-	১,২১,৮০০/-	১৪৩১-১৪৩৩
২৩	কুমার পুকুর	রায়পুর	বিকাশপুর	৬৮৯	০.০৭	১০,২৫০/-	১০,৯১২/-	১৪৩১-১৪৩৩
২৪	কৈমারী পুকুর	রায়পুর	রায়পুর	২৭০০	০.৬৮	৫,০০০/-	৫,২৫০/-	১৪৩১-১৪৩৩
২৫	কল পুকুর	রায়পুর	বেগোবন	৩৮১	০.১৮	২,৮০০/-	২,৯৪০/-	১৪৩১-১৪৩৩
২৬	গাঁও পুকুর	রায়পুর	সুলতানপুর	২৫১	০.৯০	২০,৫০০/-	২১,৫২৫/-	১৪৩১-১৪৩৩
২৭	দামোদর পুকুর	রায়পুর	বেগোবন	৫৮৪	০.০৯	২,৫০০/-	২,৬২৫/-	১৪৩১-১৪৩৩
২৮	কাচনা পুকুর	রায়পুর	কাচনা	২০০৫	০.০৯	-	৫,২৫০/-	১৪৩১-১৪৩৩
২৯	বোচাকুলি পুকুর	রায়পুর	রায়পুর	৩৪০৫	০.২৩	-	২,২৫০/-	১৪৩১-১৪৩৩
৩০	খেড়ামারা পুকুর	রায়পুর	রায়পুর	১৮৭৯	০.১৬	-	২,২৫০/-	১৪৩১-১৪৩৩
৩১	পুটিমারী পুকুর	রায়পুর	রায়পুর	১৫৬৪	০.১২	-	৭২০/-	১৪৩১-১৪৩৩
৩২	মালি পুকুর	রায়পুর	সেহন	৬৫৩	০.২৮	-	৫৪০/-	১৪৩১-১৪৩৩
৩৩	সতি পুকুর	রায়পুর	সেহন	৭৯৭	০.৫৩	-	২,০৮৫/-	১৪৩১-১৪৩৩
৩৪	চায়ের দলুয়া পু	রায়পুর	সেহন	২০৬৪	০.৫৭	-	২,৫৬৫/-	১৪৩১-১৪৩৩
৩৫	বাড়ুশিই পুকুর	রায়পুর	সেহন	২৬২৭	০.১৩	-	৪৫০/-	১৪৩১-১৪৩৩
৩৬	বাড়ী পুকুর	রায়পুর	সেহন	১০২৫	০.২৪	৫,৫০০/-	৫,৭৭৫/-	১৪৩১-১৪৩৩
৩৭	বড় দলুয়া পুকুর	রায়পুর	সেহন	৩১৭২	০.৮১	-	৩,৬৪৫/-	১৪৩১-১৪৩৩
৩৮	তেতুলিয়া পুকুর	রায়পুর	তেতুলিয়া	২১১৮	০.৫৬	-	২,৫২০/-	১৪৩১-১৪৩৩
৩৯	পশ্চিম শিরি পুকুর	রায়পুর	পশ্চিম শিবিরপুর	২০৪	০.১৩	-	৫৮৫/-	১৪৩১-১৪৩৩
৪০	কাচনা পুকুর	রায়পুর	সেহন	২৮৬৪	০.০৮	-	৩৬০/-	১৪৩১-১৪৩৩
৪১	খড়িয়া পুকুর	জামালপুর	মহেশপুর	১৪০৪	০.৫৬	১১,১০০/-	১১,৬৫৫/-	১৪৩১-১৪৩৩
৪২	টিন পুকুর	জামালপুর	মহেশপুর	২৬০৪	০.৬৫	-	২,৯২৫/-	১৪৩১-১৪৩৩
৪৩	মজা পুকুর	জামালপুর	মহেশপুর	৬২	০.১৫	-	৬৭৫/-	১৪৩১-১৪৩৩
৪৪	মহেশপুর পুকুর	জামালপুর	মহেশপুর	১৫১০	১.০১	৫,১০০/-	৫,৩৫৫/-	১৪৩১-১৪৩৩
৪৫	রাণী পুকুর	জামালপুর	মহেশালী	৪০০৫	০.২৬	-	১,১৭০/-	১৪৩১-১৪৩৩
৪৬	নর পুকুর	জামালপুর	বিশ্বাসপুর	২০	০.৭৫	১৭,৫০০/-	১৮,৩৭৫/-	১৪৩১-১৪৩৩
৪৭	সালন্দর হাট পুকুর	সালন্দর	সালন্দর	১৮৭৯	২.২৩	৯০,০০০/-	৯৪,৫০০/-	১৪৩১-১৪৩৩
৪৮	সালন্দর বিল	সালন্দর	দক্ষিণ আরাজী কৃষ্ণপুর	১২৬	৫.২৪	১৩,৫০০/-	১৪,১৭৫/-	১৪৩১-১৪৩৩
৪৯	কৈকোলনা পুকুর	সালন্দর	আরাজী শিংপাড়া	০২	১.০০	৫,৫০০/-	৫,৭৭৫/-	১৪৩১-১৪৩৩
৫০	জমুয়া পুকুর	জগন্নাথপুর	জগন্নাথপুর	১১৭	৩.১১	২,৮২,০০০/-	২,৯৬,১০০/-	১৪৩১-১৪৩৩
৫১	দেবীকোলা পুকুর	জগন্নাথপুর	জগন্নাথপুর	৪৬৫৭	১.২৫	১,০০,০০০/-	১,০৬,৫০০/-	১৪৩১-১৪৩৩
৫২	বাগকোলা পুকুর	জগন্নাথপুর	জগন্নাথপুর	৩৬২১	১.০০	৬০,৫০০/-	৬৩,৫২৫/-	১৪৩১-১৪৩৩
৫৩	বড়াচনা পুকুর	জগন্নাথপুর	শিবিয়া	২৪১৯	০.৮৯	১,০০,০০০/-	১,০৫,০০০/-	১৪৩১-১৪৩৩
৫৪	গড়েয়া বিল	গড়েয়া	গড়েয়া গোপালপুর	৬৭৫৫	৫.৭১	৩,৪০,০০০/-	৩,৫৭,০০০/-	১৪৩১-১৪৩৩
৫৫	গড়েয়ানী বিল	গড়েয়া	গড়েয়া গোপালপুর	৬৭৯৩	৪.১৬	৪০,০০০/-	৪২,০০০/-	১৪৩১-১৪৩৩
৫৬	বুড়া পুকুর	গড়েয়া	গড়েয়া গোপালপুর	৬৯০১ ৬৯০২	০.৯৫ ০.৭০	৭০,৫০০/-	৭৪,০২৫/-	১৪৩১-১৪৩৩
৫৭	কুন্দকুড়া পুকুর	গড়েয়া	গড়েয়া গোপালপুর	৩৫৯৭	০.৪৯	৩০,২৫০/-	৩১,৭৬০/-	১৪৩১-১৪৩৩
৫৮	বুড়াদিঘী	গড়েয়া	গড়েয়া গোপালপুর	৫৮৭৯ ৫৮৮২	২.০২ ০.৮৩	১,৬৭,৫০০/-	১,৭৫,৩৫০/-	১৪৩১-১৪৩৩
৫৯	কাতিয়ের পুকুর	গড়েয়া	আরাজি বাকিপাড়া	৬০৫	০.৪৯	১৬,০০০/-	১৬,৮০০/-	১৪৩১-১৪৩৩
৬০	চৌধুরী পুকুর	গড়েয়া	দক্ষা	২০৩০	০.৫৮	৩,০০০/-	৩,১৫০/-	১৪৩১-১৪৩৩
৬১	দক্ষা পুকুর	গড়েয়া	দক্ষা	২০৩০	০.৫৮	-	২,৬১০/-	১৪৩১-১৪৩৩
৬২	ঝিকরা পুকুর	রাজাগাঁও	রাজনাথপুর	৬৭৯	০.৪৫	১১,০০০/-	১১,৫৫০/-	১৪৩১-১৪৩৩
৬৩	বালুটিকা পুকুর	রাজাগাঁও	দঃ রাজাগাঁও	৬৮০৮	১.৪৪	৭৫,৫০০/-	৭৯,২৭৫/-	১৪৩১-১৪৩৩
৬৪	বাওড়ী পুকুর	রাজাগাঁও	দক্ষিণ রাজাগাঁও	৩৭৫৯/৪৫১৩	০.১২	১,২৫০/-	১,৩১৩/-	১৪৩১-১৪৩৩
৬৫	চেঙ্গি পুকুর	রাজাগাঁও	দঃ রাজাগাঁও	৬৩৬৬	০.২৭	৮,৬৭৫/-	৯,০১৯/-	১৪৩১-১৪৩৩
৬৬	রুশিয়া পুকুর	রাজাগাঁও	দঃ রাজাগাঁও	৪০১১	০.১৬	-	৭২০/-	১৪৩১-১৪৩৩
৬৭	আধখানা পুকুর	রাজাগাঁও	রাজারামপুর	২২২	০.৬০	৩৭,৫০০/-	৩৯,৩৭৫/-	১৪৩১-১৪৩৩
৬৮	মসজিদ পুকুর	রাজাগাঁও	দঃ রাজাগাঁও	১৭৬৯	০.৯৬	৩৬,৮০০/-	৩৮,৬৪০/-	১৪৩১-১৪৩৩
৬৯	পশ্চিম মুক্তপুর পুকুর	দেবীপুর	কালেশ্বরগাঁও	৬৪৭	২.০২	১,০২,০০০/-	১,০৭,১০০/-	১৪৩১-১৪৩৩
৭০	পূর্ব মুক্তপুর পুকুর	দেবীপুর	কালেশ্বরগাঁও	৬৯১	১.৩৩	১,০৭,০০০/-	১,১২,৩৫০/-	১৪৩১-১৪৩৩
৭১	মুক্তারী উত্তর দোলুয়া পুকুর	দেবীপুর	মুক্তারী	৪১০৪	০.৯৯	১৭,০০০/-	১৭,৮৫০/-	১৪৩১-১৪৩৩
৭২	মুক্তারী উত্তরপাড়া পুকুর	দেবীপুর	কালেশ্বরগাঁও	৪৭৬৭	০.৬২	১,৭৫০/-	১,৮৩৮/-	১৪৩১-১৪৩৩
৭৩	চেংটিকুড়া পুকুর	দেবীপুর	ঘোলাপী	৫০২	১.৯৭	১,১৭,৫০০/-	১,২৩,৩৭৫/-	১৪৩১-১৪৩৩
৭৪	কৈমারী পুকুর	দেবীপুর	কালেশ্বরগাঁও	৪০৮	০.২২	১২,৫০০/-	১৩,১২৫/-	১৪৩১-১৪৩৩
৭৫	সেরাই চক্তিপুকুর	দেবীপুর	দ্যারগাঁও	৫৭১	০.১৯	১,০০০/-	১,০৫০/-	১৪৩১-১৪৩৩
৭৬	মুক্তারী দক্ষিণ দোলুয়া পুকুর	দেবীপুর	মুক্তারী	২৩৫৩	০.৬৬	২২,৫০০/-	২৩,৬২৫/-	১৪৩১-১৪৩৩
৭৭	সিমারী পুকুর	দেবীপুর	কালেশ্বরগাঁও	১০০২	০.৪৬	৫,০০০/-	৫,২৫০/-	১৪৩১-১৪৩৩
৭৮	কচারী পুকুর	বেগুনবাড়ী	সৈয়দপুর	৫৫৩	১.৪৯	১০,৫০০/-	১১,০২৫/-	১৪৩১-১৪৩৩
৭৯	পাঁচপীর পুকুর	বেগুনবাড়ী	সৈয়দপুর	২১৬০	০.৯৬	৪১,০০০/-	৪৩,০৫০/-	১৪৩১-১৪৩৩
৮০	মাধুরা পুকুর	বেগুনবাড়ী	ভোগলা	১২৪৮	০.৫৭	২,৭৫০/-	২,৮৮৮/-	১৪৩১-১৪৩৩
৮১	নাটুয়া পুকুর	বেগুনবাড়ী	বালিগড়	১৯৮১	০.৯৭	৬৫,৭৭৫/-	৬৯,০৬৪/-	১৪৩১-১৪৩৩
৮২	পাথরভাঙ্গা পুকুর	বেগুনবাড়ী	সৈয়দপুর	১২৫৩	০.৬৩	১৯,১৬০/-	২০,১১৮/-	১৪৩১-১৪৩৩
৮৩	নারকা শিড়া পু	বেগুনবাড়ী	বালিগড়	১৮৫৩	০.২৫	৬,০০০/-	৬,৩০০/-	১৪৩১-১৪৩৩
৮৪	ঠিলামনি	বেগুনবাড়ী	বালিগড়	২০০০ ৪০০০	০.৩৩	১,৬৫০/-	১,৭৩৩/-	১৪৩১-১৪৩৩
৮৫	মাধানই পুকুর	বেগুনবাড়ী	বালিগড়	১৫৭৮	০.৭৩	৩,৭৭৫/-	৩,৯৬৪/-	১৪৩১-১৪৩৩
৮৬	বেংঘার পুকুর	বেগুনবাড়ী	পশ্চিম বেগুনবাড়ী	২৭০৩	০.৯১	১২,৩৬০/-	১২,৯৭৮/-	১৪৩১-১৪৩৩
৮৭	কালীতলা পুকুর	বেগুনবাড়ী	কালাজাত	১৫৪০	০.৪১	৭,৫০০/-	৭,৮৭৫/-	১৪৩১-১৪৩৩
৮৮	ভোগলা পুকুর	বেগুনবাড়ী	ভোগলা	৯৮৯	০.১৬	-	৭২০/-	১৪৩১-১৪৩৩
৮৯	দোলুয়া পুকুর	বেগুনবাড়ী	বালিগড়	৩৮৫৮	০.৫৬	৮৬,০০০/-	৯০,৩০০/-	১৪৩১-১৪৩৩
৯০	শিবনাথ পুকুর	বেগুনবাড়ী	ভোগলা	১৭৭৯	০.১৮	-	৮১০/-	১৪৩১-১৪৩৩
৯১	জোলাকুড়ি পুকুর	বেগুনবাড়ী	দঃ বেগুনবাড়ী	২৯৪২	০.৪৯	২,৫০০/-	২,৬২৫/-	১৪৩১-১৪৩৩
৯২	নারকা পুকুর	বেগুনবাড়ী	সৈয়দপুর	১৭৮১	০.৪৩	২,০০০/-	২,১০০/-	১৪৩১-১৪৩৩
৯৩	ডাঙ্গী(চান)পুকুর	বেগুনবাড়ী	বালিগড়	২০০০/ ৪০০৭	০.৬৯	১৫,৫০০/-	১৬,২৭৫/-	১৪৩১-১৪৩৩
৯৪	বিশকুড়া পুকুর	বেগুনবাড়ী	বালিগড়	২০০০/ ৪০১৬	০.৬১	৩,২০০/-	৩,৩৬০/-	১৪৩১-১৪৩৩
৯৫	চান দলুয়া পুকুর	বেগুনবাড়ী	বালিগড়	১৭৪৯	০.৫২	১,০০০/-	১,০৫০/-	১৪৩১-১৪৩৩
৯৬	কোকাধার পুকুর	বেগুনবাড়ী	পশ্চিম বেগুনবাড়ী	২৮৬০	৫.১২	৪,০০,০০০/-	৪,২০,০০০/-	১৪৩১-১৪৩৩
৯৭	রাজা পুকুর	বেগুনবাড়ী	পশ্চিম বেগুনবাড়ী	২৯১৮	২.১৭	১,৭৫,০০০/-	১,৮৩,৭৫০/-	১৪৩১-১৪৩৩
৯৮	দলুয়া পুকুর	বেগুনবাড়ী	পশ্চিম বেগুনবাড়ী	২৯৮১	২.৪৫	১০,৫০০/-	১১,০২৫/-	১৪৩১-১৪৩৩
৯৯	সন্ন্যাসী পুকুর	বেগুনবাড়ী	পশ্চিম বেগুনবাড়ী	৪৭২৭	০.৪০	৫,৫০০/-	৫,৭৭৫/-	১৪৩১-১৪৩৩
১০০	উসা(সুতিয়ারী) পুকুর	বেগুনবাড়ী	পশ্চিম বেগুনবাড়ী	৪৭২০	১.৮৮	১৬,০০০/-	১৬,৮০০/-	১৪৩১-১৪৩৩
১০১	বাড়ী পুকুর	বেগুনবাড়ী	পাইকপাড়া	৭১১	০.৫৬	৫,৪০০/-	৫,৬৭০/-	১৪৩১-১৪৩৩
১০২	উত্তর সতিয়াড়ী পুকুর	বেগুনবাড়ী	পাইকপাড়া	১২৭৩	১.৯৮	১০,৫০০/-	১১,০২৫/-	১৪৩১-১৪৩৩
১০৩	দক্ষিণ সতিয়াড়ী পুকুর	বেগুনবাড়ী	পাইকপাড়া	১২৬৬	১.৮৬	১৫,০০০/-	১৫,৭৫০/-	১৪৩১-১৪৩৩

শর্তাবলী :

০১। নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে ভূমি মন্ত্রণালয়ের ওয়েব সাইট অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে ০৯ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ হতে ০৩ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ (২৩/০১/২০২৪ হতে ১৬/০২/২০২৪ খ্রি.) পর্যন্ত অনলাইনে আবেদন দাখিল করা যাবে এবং জলমহাল ইজারার আবেদনপত্র নির্ধারিত মূল্যে ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) (নগদ) উল্লিখিত সময়ের মধ্যে উপজেলা ভূমি অফিস, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও হতে ক্রয় করা যাবে।

২। দাখিলকৃত আবেদনে প্রার্থিত জলমহাল/পুকুরের বিগত ০৩(তিন) বছরের গড় ইজারা মূল্য অপেক্ষা ৫% বর্ধিত না হলে আবেদনপত্র গ্রহণ যোগ্য হবে না।

৩। নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবীদের সমিতি/সমবায় সমিতি যা সমবায় অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত, সে সমিতিসমূহ নির্দিষ্ট বা তীরবর্তী জলমহাল/পুকুর ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে।

৪। নির্ধারিত ফরমে আবেদনপত্র দাখিলের সময় প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সমিতি তাদের সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ), নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করবেন এবং একইসাথে তার অনুলিপি উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি জলমহাল/পুকুর ব্যবস্থাপনা কমিটির নিকট দাখিল করবেন।

৫। প্রকৃত মৎস্যজীবীদের সংগঠন স্থানীয় পর্যায়ে সমবায় অধিদপ্তর বা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত হলে স্থানীয় জলমহাল/পুকুর ব্যবস্থাপনা বা ইজারায় অংশ গ্রহণ করতে পারবেন।

৬। আবেদনকারী কোন মৎস্যজীবী সংগঠন/সমিতি/সমবায় সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নন, তাহলে উক্ত সমিতি জলমহাল/পুকুর বন্দোবস্তে অযোগ্য বিবেচিত হবে। আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতি যেকোন বর্তমানে কার্যকর আছে তার প্রমাণ স্বরূপ জেলা/উপজেলা সমবায়/সমাজসেবা কর্মকর্তা (যেখানে যা প্রযোজ্য) কর্তৃক প্রত্যয়ন পত্র আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে এবং সাথে বিগত ২ (দুই) বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন সংগঠন সমিতির জন্য অডিট রিপোর্ট প্রয়োজন হবে না।

৭। যদি সংশ্লিষ্ট জলমহাল/পুকুরের নিকটবর্তী প্রকৃত মৎস্যজীবী সংগঠন পাওয়া না যায় তা হলে সেক্ষেত্রে অন্যান্য পার্শ্ববর্তী উপজেলা/জেলার মৎস্যজীবী সংগঠন/সমিতি/জলমহাল/পুকুর বন্দোবস্ত পাওয়ার জন্য আবেদন করতে পারবে।

৮। লীজগ্রহীতা কোন মৎস্যজীবী সংগঠন/সমবায় সমিতি/সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল/পুকুর কোন অবস্থাতেই সাব-লীজ অথবা কোন ব্যক্তি/গোষ্ঠিকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি তা করে থাকেন তা হলে উপজেলা নির্বাহী অফিসার উক্ত লীজ বাতিল করবেন এবং জমাকৃত লীজমানি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। উক্ত লীজ গ্রহীতা মৎস্যজীবী সংগঠন/সমিতি পরবর্তী বছর জলমহাল/পুকুর বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবে না।

৯। দরদাতাকে জলমহাল ইজারার আবেদনের পূর্বে জলমহাল/(পুকুর) সরেজমিনে দেখে নিশ্চিত হয়ে জলমহালে ইজারার আবেদন করতে হবে।

১০। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন ০২ (দুই) টির অধিক জলমহাল/পুকুর ইজারা পাবে না।

১১। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বিজ্ঞপ্তিতে অবমুক্ত সংশ্লিষ্ট জলমহাল/পুকুরের প্রস্তাবিত ইজারা মূল্যের ২০% "সভাপতি, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, ঠাকুরগাঁও সদর" এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জামানত হিসেবে আবেদনের সাথে দাখিল করতে হবে। লীজ প্রাপ্ত হয়নি এমন সমিতির ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরত প্রদান করা হবে।

১২। ইজারা মূল্যের উপর সরকারের নির্ধারিত হারে ভ্যাট ও আয়কর লীজমানির সাথে একত্রে প্রদান করতে হবে।

১৩। সরকারি জলমহাল/পুকুর ব্যবস্থাপনা নীতি'২০০৯ এর বর্ণিত অন্যান্য শর্তাবলী এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত বিধি-বিধান ইজারাদার মেনে চলতে বাধ্য থাকবেন।

১৪। মৎস্যজীবী সংগঠন ও সমিতি-কে ০৩ (তিন) বছর মেয়াদে লীজ পাওয়ার পক্ষে সংশ্লিষ্ট জলমহাল/পুকুরের মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনার রূপরেখা সংযুক্ত করতে হবে।

১৫। যে সকল সমিতি পূর্বের ইজারা মূল্য পরিশোধ করেন নাই বা জামানতের টাকা বাজেয়াপ্ত করা হয়েছে, ঐ সকল সমিতি ০৩ (তিন) বছর জলমহাল/পুকুর ইজারায় অংশগ্রহণ করতে পারবেন না। আবেদন করলে জামানত বাজেয়াপ্ত করা হবে।

১৬। ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করবেন এবং ইজারার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

15/01/24
বেলায়েত হোসেন
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও

ডিএলটি-১৫৩/২৪